"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

**নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১**
চকবিরাম, নওগাঁ।

ফোন # ০৭৪১-৬২৫৯৯ ফ্যাক্স # ০৭৪১-৬২৫৯৯
e-mail : naogaonpbs @ yahoo.com
Web : www. naogaonpbs.org

স্মারক নং-২৭.১২.৬৪৬০.৫৪৭.১.২০০-০২.০৫.২০১৮. ১৮২৭

তারিখ- ০৫ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ। / ১৯ মে ২০১৮ খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ ড্রাইভার পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্তে আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্ন বর্নিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

## ০১। ড্রাইভার পদের যোগ্যতাঃ-

প্রার্থীকে সাবলীল ভাবে বাংলা লেখা ও পড়া সহ ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, পরিচালনা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ থাকতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ বড় শিল্প কারখানা/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে হালকা যানবাহন চালনার ও রক্ষণাবেক্ষণ কাজে ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা (যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গননা করা হবে) থাকতে হবে। বিগত ০৩ (তিন) বৎসরে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়ন পত্র থাকতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় মাসিক মুল বেতন ১৬,৬০০.০০ (ষোল হাজার ছয়শত) টাকা ও তৎসহ পবিস কর্তৃক দেয় অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।

শর্তাবলীঃ-

০১। আবেদনকারীগন নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.naogaonpbs1.org) হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথ ভাবে পূরণ করে আগামী ০৬/০৬/২০১৮খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরন করতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত, সরাসরি কোন আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে জেনারেল ম্যানেজার নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে এবং ০২ কপি পার্সপোট সাইজের রঙ্গিন ছবি (সত্যায়িত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। আবেদন গ্রহনের শেষ তারিখে ০৬/০৬/২০১৮ খ্রিঃ প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরে মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের/ সন্তানদের সন্তান এর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য " অন-প্রবেশনে " নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রির্পোট সমেন্তাষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৫। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ এবং অত্র সমিতির ভৌগোলিক এলাকার ( নওগাঁ জেলার নওগাঁ সদর, আত্রাই, রানীনগর, বদলগাছী, মান্দা, নিয়ামতপুর, মহাদেবপুর উপজেলার ভীমপুর ও চেরাগপুর ইউনিয়ন এবং বগুড়া জেলার আদমদীঘি উপজেলার সাহার ইউনিয়নের ছাতনী, ঢেকড়া, প্রান্নাথপুর, দারিয়াপুর, কেল্লাপাড়া, পানলা, চকজান ও ডাংগাপাড়া গ্রামের) প্রার্থীগণ এর আবেদন করার প্রয়োজন নেই।

০৬। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

০৭। জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী-ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, চট্রগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, খুলনা, সাতক্ষীরা, ঝিনাইদহ, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, পটুয়াখালী, বরগুনা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

অঃ পৃঃ দ্রঃ

০৮। নিয়োগ প্রক্রিয়াধীন অবস্থায় কোন জেলার কোটা পুরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

০৯। সরকারী/আধা সরকারী/স্বায়ত্ব শাসিত সংস্থায় কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে না পৌঁছালে আবেদন পত্র বাতিল বলে গন্য হবে।

১০। ইতি পূর্বে কোন পলস্নী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

১১। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ ও ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১২। অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৯/৫/১৮

(মোঃ এনামুল হক প্রামনিক)
জেনারেল ম্যানেজার।
ফোন #০৭৪১-৬২৫৯৯

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)**

০১। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। {ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হল}
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .........................পবিস-১/২/৩/৪।
০৫। নিবাহী প্রকৌশলী, বাপবিবো, নওগাঁ।
০৬। উপজেলা নিবাহী অফিসার (নওগাঁ সদর/রানীনগর/বদলগাছী/মান্দা/নিয়ামতপুর/আত্রাই) উপজেলা, নওগাঁ।
০৭। ডিজিএম, সদর দপ্তর/নিয়ামতপুর/মান্দা/রানীনগর জোনাল অফিস, নওগাঁ পবিস-১।
০৮। এজিএম (সদস্য সেবা/অর্থ/ইএন্ডসি), নওগাঁ পবিস-১।
০৯। এজিএম, (ওএন্ডএম) সদর দপ্তর/বদলগাছী/আত্রাই সাব জোনাল অফিস, নওগাঁ পবিস-১।
১০। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি),নওগাঁ পবিস-১। (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল।
১১। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-১।
১২। অফিস কপি/মাষ্টার কপি।

২৯/৫/১৮

(মোঃ এনামুল হক প্রামনিক)
জেনারেল ম্যানেজার।

পমাসপ-১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত-২৭/০৪/২০১৪খ্রিঃ।

ফরম নং: পমাসপ ১১০-০০২,ভার্সন-০১,তারিখ........

## ......... পল্লী বিদ্যুৎ সমিতি... এর ................ পদে প্যানেলভুক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
..............................পবিস।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

............................................................ ৩. পদের ধরণঃ...............

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

............................................ ................................
৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ

............................................ ................................ ..............................................;
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭. জন্ম তারিখ (......পরীক্ষার সনদ/ নিবন্ধন অনুযায়ী)

........................................ ......../......./..........(দিন/মাস/বছর)
৮. মাতার নাম ৯. বয়স (০৬/০৬/২০১৮ খ্রিঃ তারিখে)

............................................ ............................................................
১০. পিতার নাম ১১. ধর্ম

............................................ ..................................................
১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

............................................
১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক(√)দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন):

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধী
☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

.................................. .................................. .................................. ..................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ.ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:

.................................. .................................. .................................. ..................................
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ.ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

...................................... .............................................. .................
১৯. পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ২০. পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| ......................শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধু প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা,ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬। পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না)? জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি যা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতা , জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

........................ .......................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

............ পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪

.........................................।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামুলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

প্রার্থীর রোল নম্বর :.......................................................................

পরীক্ষার তারিখ :.......................................................................

পরীক্ষার সময় :.......................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম :.......................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা:.......................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর:..............................

**(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পুরণীয়)**

**পদের নামঃ**.......................................................................

প্রার্থীর নাম.......................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ..................................................

.......................................................................................

.......................................................................................

.......................................................................................

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা , উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।